

ঢাবির 'চ' ইউনিটের  
ফল প্রকাশ, পাস  
১৪৯ জন

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি >  
ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৫-১৬  
শিক্ষাবর্ষে চারুকলা অনুষদের অধীন 'চ'  
ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত  
হয়েছে। এ বছর ২১৬৪ শতাংশ পাস করেছে।  
অকৃতকার্য হয়েছে বাকি ৯৭৩৬ শতাংশ। এ  
বছর ১৩৫ আসনের বিপরীতে সাত হাজার  
৩০৭ জন ভর্তি আবেদন করেছিল। সব  
মিলিয়ে উত্তীর্ণ হয়েছে ১৪৯ জন।  
গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায়  
বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে  
উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স  
আরোফিন সিদ্দিক আনুষ্ঠানিকভাবে ফল  
ঘোষণা করেন। এ সময় উপ-উপাচার্য  
(শিক্ষা) অধ্যাপক ড. নাসরিন আহমাদ,  
চারুকলা অনুষদের ডিন ও 'চ' ইউনিট  
ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক  
নিসার হোসেন এবং খ্রিষ্ট মেডিকেল বিভাগের  
অধ্যাপক সৈয়দ আবুল বারক আলতী  
উপস্থিত ছিলেন। পরীক্ষার বিস্তারিত ফল  
বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd  
ওয়েবসাইটে ব্রাউজ করে জানা যাবে। এ  
ছাড়া যেকোনো মোবাইল অপারেটরের  
মেসেজ অপশনে গিয়ে DU স্পেস CHA  
স্পেস roll no টাইপ করে ১৬৩৯১ নম্বরে  
পাঠিয়ে ফল জানা যাবে।